

Total number of printed pages-8

63/1 (SEM-5) SEC3/BENSE5032

2023

**BENGALI**

Paper : BENSE5032

**(Applied Bengali)**

Full Marks : 50

Pass Marks : 20

Time : Two hours

**The figures in the margin indicate  
full marks for the questions.**

১। নিম্নলিখিত প্রশ্নগুলির শুদ্ধ উত্তর বেছে নিয়ে লেখো :  
(যে-কোনো পাঁচটি) ১×৫=৫

(ক) হরফের পরিমাপ বোঝানোর জন্য কোন্ শব্দ ব্যবহার করা হয়?

(i) ম্যাটার

(ii) মেজার

(iii) পয়েন্ট

(iv) কপি

Contd.

(খ) একটি প্রুফের পংক্তির প্রস্থকে কি বলে?

- (i) প্রুফ
- (ii) মেজার
- (iii) কম্পোজিশন
- (iv) হরফ

(গ) বানানবিধি অনুসারে নীচের কোন্ বানানটি শুদ্ধ?

- (i) পুরস্কার
- (ii) পুরোস্কার
- (iii) পুরস্কার
- (iv) পুরোস্কার



(ঘ) মুদ্রিত সংবাদের শিরোনামকে কী বলে?

- (i) ইনট্রো
- (ii) কপি
- (iii) হেডলাইন
- (iv) স্কুপ

(ঙ) কোন্ড কম্পোজিশনের জন্য কোন্ ধাতুর ব্যবহার হয়?

- (i) শিশা
- (ii) লোহা
- (iii) তামা
- (iv) উপরের কোনোটিই নয়

(চ) মোটা হরফে (Bold) কম্পোজ করার নির্দেশ দিতে নির্দিষ্ট অক্ষরের নীচে কোন্ চিহ্ন দিতে হয়?

- (i) 
- (ii) ≠
- (iii) 
- (iv) ≠

(ছ) যারা লাইনোটাইপ, মনোটাইপ বা ফটোটাইপ সেটিং যন্ত্রের সাহায্যে হরফ সাজানো তাদের কি বলা হয়?

- (i) কম্পোজিটর
- (ii) অপারেটর
- (iii) প্রুফ রিডার
- (iv) কপি হোল্ডার

(জ) নতুন অনুচ্ছেদ বা প্যারাগ্রাফ বোঝাতে কী চিহ্ন ব্যবহার করা হয়?

(i) □

(ii) ∅

(iii) └

(iv) ┌

(ঝ) আধুনিক বাংলা ভাষায় 'ঙ্গ' এবং 'ঙ'-এর পরিবর্তে কি প্রয়োগ হয়?

(i) বিসর্গ

(ii) অনুস্বার

(iii) চন্দ্রবিন্দু

(iv) হসন্ত

(ঞ) ইংরাজী 'st'-কে বাংলায় কীভাবে প্রয়োগ করা হয়?

(i) ষ্ট

(ii) স্ট

(iii) শ্‌ট

(iv) স্‌ট

২। অতি সংক্ষিপ্ত উত্তর লেখো : (যে-কোনো পাঁচটি)

২×৫=১০

(ক) “একজন প্রুফ দেখে দরকার মতো সংশোধন করবেন, অন্যজন কপি ধরবেন।”—ছাপাখানার কাজে এই দুজনকে কী কী নাম দেওয়া হয়েছে?

(খ) দুই প্রকার কম্পোজিশনের নাম লেখো।

(গ) ‘ত’, ‘থ’, ‘দ’, ‘ধ’-এর সঙ্গে সম্পর্কিত ‘ন’-এর পরিবর্তন কী ধরনের হয়? দুটি উদাহরণ দাও।

(ঘ) সংস্কৃত বা তৎসম শব্দের বাংলা বানান বিধির দুটি নিয়ম উল্লেখ করো।

(ঙ) কপি কাকে বলে?

(চ) ‘ইটালিক হরফ বসান’ ও ‘মোটা ইটালিক হরফ বসান’ এই দুটি নির্দেশে কোন্ কোন্ চিহ্ন ব্যবহার করা হয়?

(ছ) প্রুফ সংশোধনের দ্বিতীয় ও তৃতীয় স্তরে কারা থাকেন?

৩। নীচের প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দাও : (যে-কোনো পাঁচটি)

৫×৫=২৫

(ক) প্রুফ রিডারের দায়িত্ব ও কর্তব্য সম্পর্কে লেখো।

- (খ) প্রুফ সংশোধনের প্রয়োজনীয়তা সম্পর্কে আলোচনা করো।
- (গ) পাণ্ডুলিপি ও প্রুফে কী কী কারণে ত্রুটি দেখা দেয় আলোচনা করো।
- (ঘ) কম্পোজিটর ও অপারেটরের মধ্যে পার্থক্য নির্দেশ করো।
- (ঙ) পয়েন্ট ও মেজার সম্বন্ধে যা জানো লেখো।
- (চ) একটি লেখা তৈরি হওয়া থেকে পত্রিকায় ছাপা হওয়ার মধ্যে যে কয়টি পর্যায় থাকে তা আলোচনা করো।
- (ছ) পত্রিকা এবং গ্রন্থের দ্বিতীয়বার প্রুফ দেখার ক্ষেত্রে সুবিধা-অসুবিধা সম্বন্ধে আলোচনা করো।
- (জ) তদ্ভব শব্দের পাঁচটি বানানবিধি উল্লেখ করো।
- (ঝ) ৭-ত্ব বিধানের পাঁচটি সূত্র উল্লেখ করো।

৪। যে-কোনো একটি প্রশ্নের উত্তর লেখো : ১০

- (ক) তোমার অঞ্চলে বিপর্যস্ত যোগাযোগ ব্যবস্থা সম্পর্কে একটি প্রতিবেদন রচনা করো।
- (খ) প্রুফ সংশোধনের চারটি স্তরের নাম উল্লেখ করে প্রতিটি স্তরের করণীয় সম্পর্কে বিস্তৃত আলোচনা করো।

(গ) নিম্নলিখিত রচনাংশটির প্রুফ সংশোধন কপি তৈরি করো :

মূল পাণ্ডুলিপি :

১৯৭৬ সালে গ্রীষ্মকালে একদিন পদচিহ্ন গ্রামে রৌদ্রের উত্তাপ বড় প্রবল। গ্রামখানি গৃহময়, কিন্তু লোক দেখি না। বাজারে সারি সারি দোকান, হাট সারি সারি চালা, পল্লীতে পল্লীতে শত শত মৃন্ময় গৃহ, মধ্যে মধ্যে উচ্চ নীচ অট্টালিকা, আজ সব নীরব। বাজারে দোকান বন্ধ, দোকানদার কোথায় পলাইয়াছে ঠিকানা নাই। আজ হাটবার, হাটে হাট লাগে নাই। ভিক্ষার দিন ভিক্ষকেরা বাহির হয় নাই। তদ্ভবায় তাঁত বন্ধ করিয়া গৃহস্থান্তে পড়িয়া কাঁদিতেছে, ব্যবসায়ী ব্যবসা ভুলিয়া শিশু ক্রেড়ে করিয়া কাঁদিতেছে, দাতারা দান বন্ধ করিয়াছে, অধ্যাপক টোল বন্ধ করিয়াছে, শিশুও বুঝি আর সাহস করিয়া কাঁদে না।

অসংশোধিত প্রুফ :

১৯৭৬ সালে গ্রীষ্মকালে একদিন পদচিহ্ন গ্রামে রৌদ্রের উত্তাপ বড়ো প্রবল। গ্রামখানি, গৃহময়, কিন্তু লোক দেখি না। বাজারে সারি সারি দোকান, হাটে সারি সারি চালা, পল্লীতে পল্লীতে সত সত মৃন্ময় গৃহ, মধ্যে মধ্যে উঁচু নীচ অট্টালিকা, আজ সব নীরব। বাজারে দোকান বন্ধ, দোকানদার কোথায় পলাইয়াছে ঠিকানা নাই। আজ হাটবার, হাটে

হাট হাট লাগে নাই। ভিক্ষার দিন ভিক্ষুকেরা বাহির হয়  
নাই। তদ্ভবায় তাত বন্ধ করিয়া গৃহপ্রান্তে পড়িয়া কাঁদিতেছে,  
ব্যবসায়ী ব্যবসা ভুলিয়া শিশু ক্রোড়ে করিয়া কাঁদিতেছে,  
দাতারা দান বন্ধ করিয়াছে, অধ্যাপক টোল বন্ধ করিয়াছে,  
শিশুও বুঝি আর শাহস করিয়া কাঁদে না।

